গোদাগাড়ী পৌরসভা কার্যালয়

রাজশাহী।

(স্বাস্থ্য বিভাগ)

স্মারক নং-৫৬.৪৩.৮১৩৪.০৫০.১৬.০০৫.২২-৭৬(৭৫),

তারিখঃ ১০/০৯/২০২৬ খ্রিঃ।

প্রাপকঃ ইমাম (সকল)

........................... জামে মসজিদ

গোদাগাড়ী পৌরসভা, রাজশাহী।

বিষয়ঃ জুমা'র খুতবা ও নামাজের পর ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা ও প্রচারের অনুরোধ।

আসসালামু আলাইকুম। আপনি নিশ্চয় অবগত আছেন যে, বর্তমানে ডেঙ্গু জ্বরের প্রকোপ আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু প্রতিরোধে লার্ভা ধ্বংস করা এবং সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত জরুরি।তাই আপনার একটি নির্দেশনামূলক বক্তব্য সাধারণ মানুষকে সচেতন করতে সবচেয়ে প্রভাবশালী ভূমিকা রাখতে পারে।

এমতাবস্থায় ইসলামের দৃষ্টিতে পরিচ্ছন্নতার গুরুত্ব আলোচনার পাশাপাশি আগামী শুক্রবার জুমা'র খুতবায় কিংবা নামাজের পর ডেঙ্গু প্রতিরোধে নিম্ন লিখিত বিষয়গুলো মুসল্লিদের সামনে তুলে ধরার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

## নির্দেশনা

১। এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস করুন;

২। বাড়ীর চারপাশ পরিস্কার রাখুন;

৩। ঘর, অফিস ও আশেপাশে পানি জমতে দিবেন না;

৪। জমিয়ে রাখা পানি ৩ দিনের মধ্যে পরিবর্তন করুন। জমে থাকা পানি ফেলে দিয়ে পাত্রটি ঘষে পরিস্কার করুন;

৫। দিনে রাতে ঘুমানোর সময় মশারি ব্যবহার কুরন;

৬। প্রয়োজনে মশা নিবারক ক্রীম ব্যবহার করুন;

৭। যথা সম্ভব লম্বা পোশাক ব্যবহার কুরন;

৮। ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের ড্রাম, মাটিরপাত্র,বালতি,টিনের কৌটা, ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার,মটকা, ব্যাটারীর সেল ইত্যাদিতে এডিস মশা ডিম পাড়ে। কাজেই এগুলো বর্জ্য হিসাবে অপসারণ অথবা ব্লিচিং পাউডার দ্বারা পরিস্কার করতে হবে;

ভয় নয়, সচেতনতাই ডেঙ্গু প্রতিরোধে সহায়ক

অনুরোধক্রমে

(ইসরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
গোদাগাড়ী পৌরসভা, রাজশাহী।

CamScanner